দৈনিক সংবাদ

তারিখ ...15 DEC 1990...
পৃষ্ঠা... 2 ...কলাম... 4 ...

26

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে নাজেহাল করার নিন্দা

রাজশাহী, ১৪ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১২০ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে চাকসু ও সর্বদলীয় ছাত্রঐক্যের বিজয় উৎসবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মুক্তিযুদ্ধের চেতনা ও স্বাধীনতার পক্ষে কথা বলায় ইসলামী ছাত্র শিবির কর্তৃক উপাচার্যসহ বহু শিক্ষক লাঞ্ছিত হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। বিবৃতিতে বলা হয়, স্বৈরাচারী এরশাদের পতন ঘটেছে, কিন্তু তার প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতায় সৃষ্ট সাম্প্রদায়িক শক্তি আজও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অস্ত্রের জোরে দখল করে রেখেছে এবং অরাজক অবস্থার সৃষ্টি করেছে।

বিবৃতিতে অস্ত্রধারী সাম্প্রদায়িক

(শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

## নাজেহাল করার নিন্দা

(১ম পাতার পর)

শক্তি ও গণতন্ত্রের শত্রুদের উচ্ছেদ করে ঐ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সক্রিয় উদ্যোগ দাবী করা হয়েছে। বিবৃতিতে অন্যদের মধ্যে সই করেন অধ্যাপক হাসান আজিজুল হক, অধ্যাপক রশিদুল হক, অধ্যাপক গোলাম মোর্শেদ, অধ্যাপক জাফর রেজা খান, অধ্যাপক শহীদুল ইসলাম প্রমুখ।